

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
www.ntrca.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১১.০১.০০০১ (অংশ-৩).২৫-১৯

তারিখ: ২৪ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৮ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

৬ষ্ঠ নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তি-২০২৫ এর আওতায় প্রতিস্থাপন সংক্রান্ত বিজ্ঞপ্তি।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৬ষ্ঠ নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তি-২০২৫ এর আওতায় ৪৪৫ জন সুপারিশকৃত প্রার্থীকে অন্য শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিস্থাপন করা হলো। প্রতিস্থাপনকৃত প্রার্থী এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে SMS যোগে অবহিত করা হয়েছে। প্রতিস্থাপনকৃত প্রার্থীগণকে এনটিআরসিএ'র ওয়েবসাইটের (www.ntrca.gov.bd) ৬ষ্ঠ নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তি- ২০২৫ নামক সেবাবক্সে অথবা <http://ngi.teletalk.com.bd> সাইটে প্রবেশ করে স্ব স্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড দ্বারা লগইন করে নিয়োগ সুপারিশপত্র ডাউনলোডপূর্বক সুপারিশপত্রে বর্ণিত প্রতিষ্ঠানে ২৫ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে যোগদান করার জন্য অনুরোধ করা হলো। প্রতিষ্ঠান প্রধানগণও তাদের স্ব স্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করে নিয়োগ সুপারিশপত্র ডাউনলোড করতে পারবেন। তবে প্রতিস্থাপনকৃত প্রার্থীদের ক্ষেত্রে Joining Status (Yes/No) পূরণ করার প্রয়োজন নেই।



(তাসনিম জেব্বিদ্বিন শেখ)
পরিচালক (শিক্ষাতন্ত্র ও শিক্ষামান)
এনটিআরসিএ, ঢাকা।
ফোন: ০২-৪১০৩০১২৪.

অনুলিপি:

১. সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ, ঢাকা (বিজ্ঞপ্তিটি এনটিআরসিএ ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।